

গবেষণায় সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীরা পাবেন আর্থিক সহায়তা, নীতিমালা জারি



দৈনিক শিক্ষাডটকম প্রতিবেদক

বিশ্ববিদ্যালয়প্রকাশিত: ১৮ জানুয়ারি, ২০২৫ ১১:২১ অপরাহ্ন

- +

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সম্প্রতি প্রকাশিত নীতিমালায় গবেষণা সহায়তার আওতা সম্পর্কে বলা হয়েছে, সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে- গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা-কর্মচারী যারা গবেষণার সঙ্গে সম্পৃক্ত আছেন অথবা গবেষণা কর্ম করতে আগ্রহী তারাও এর আওতাভুক্ত হবেন। এই গবেষণা বাস্তবায়নে ৩ পর্যায়ে কমিটি থাকবে।

#বিশ্ববিদ্যালয়

#মেডিক্যাল

#কলেজ

#গবেষণা

Share

Tweet


Share

Share

Share



"দৈনিকশিক্ষা এর খবর" পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



শিক্ষাখাতে উচ্চতর গবেষণায় সহায়তাকারী সব সরকারি ও বেসরকারি সাধারণ, বিশেষায়িত, কারিগরি, কৃষি এবং চিকিৎসা বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ ও স্নাতকোত্তর পর্যায়ের কলেজগুলোতে কর্মরত শিক্ষক-কর্মচারী বা সংশ্লিষ্ট কর্মকর্তারা পাবেন আর্থিক সহায়তা। কয়েকটি শর্তে তিন বছর মেয়াদি এই গবেষণায় সর্বোচ্চ ৩০ লাখ টাকা বরাদ্দ হতে পারে। মোট ১১টি অধিক্ষেত্রে প্রতি অর্থবছরে তিনটি বিষয়ের ওপর গবেষণা প্রকল্পের ধারণাপত্র আহ্বান করা যাবে। এসব বিধান রেখে গবেষণা বাস্তবায়ন নীতিমালা জারি করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সম্প্রতি প্রকাশিত নীতিমালায় গবেষণা সহায়তার আওতা সম্পর্কে বলা হয়েছে, সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে-গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা-কর্মচারী যারা গবেষণার সঙ্গে সম্পৃক্ত আছেন অথবা গবেষণা কর্ম করতে আগ্রহী তারাও এর আওতাভুক্ত হবেন। এই গবেষণা বাস্তবায়নে ৩ পর্যায়ে কমিটি থাকবে।

বিকাশ থাকতে ক্যাশ ক্যান

আরো বলা হয়েছে, প্রতি বছর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের বাজেটের সচিবালয় অংশে শিক্ষাখাতে উচ্চতর গবেষণা কর্মসূচি খাতে বরাদ্দ রাখা হবে। স্টিয়ারিং কমিটি প্রয়োজনীয় বাজেট বরাদ্দের প্রস্তাব করবে, গবেষণা সহায়তা বরাদ্দ সম্পূর্ণভাবে প্রতিযোগিতামূলক রেটিং এবং স্টিয়ারিং কমিটি কর্তৃক যাচাইকৃত ব্যয় প্রাক্কলন এর ভিত্তিতে নির্ধারিত হবে।

প্রতি অর্থ বছরে সহায়তা বরাদ্দ প্রকল্পের অগ্রগতি বিবেচনা সাপেক্ষে প্রকল্পের অনুকূলে বিভাজিত বরাদ্দ ছাড় ও বিতরণ করা হবে। গবেষণা অগ্রগতি সন্তোষজনক প্রতীয়মান না হলে অর্থ দেয়া স্থগিতকরণ, পুনঃতফসিলীকরণ বা বরাদ্দের পরিমাণ পুনঃনির্ধারণ করা যাবে। গবেষণা প্রস্তাবের মেয়াদ সর্বোচ্চ ৩ বছর ও সর্বোচ্চ বরাদ্দের পরিমাণ ৩০ লাখ টাকা হতে পারে। তবে বিশেষ ক্ষেত্রে স্টিয়ারিং কমিটির অনুমোদন সাপেক্ষে বেশি বরাদ্দ দেয়ার বিষয় বিবেচনা করা যাবে।

গবেষণা প্রকল্পের অনুকূলে ছাড়কৃত অর্থ সরকারি আর্থিক বিধি বিধান অনুসারে ব্যয়-সমন্বয় করতে হবে। ৩০ জুনের মধ্যে ছাড়কৃত টাকার সমন্বয় নিশ্চিত করতে হবে এবং ব্যয় বিবরণী (ভাউচারসহ) পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে ব্যানবেইস এ দাখিল করতে হবে। গবেষণা সহায়তা প্রাপ্ত প্রকল্পের অব্যয়িত টাকা ৩০ জুনের মধ্যে সরকারি কোষাগারে জমা দিতে হবে।

নীতিমালায় আরো বলা হয়েছে, বাছাই ও মনিটরিং কমিটি কর্তৃক গবেষণা অধিক্ষেত্র পুনর্নির্নয়নকরণ সাপেক্ষে গবেষণা প্রস্তাবগুলোতে যে অর্থবছরে অর্থায়ন করা হবে তার আগের অর্থবছরের জানুয়ারি থেকে মে মাস পর্যন্ত অনলাইনে গবেষণা প্রস্তাবের আবেদন গ্রহণ করা হবে। এই বিষয়ে ডিসেম্বর মাসে ১টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন-বিজ্ঞপ্তি প্রচার করা হবে। এছাড়া বিজ্ঞাপন-বিজ্ঞপ্তি মন্ত্রণালয়, ব্যানবেইস এবং ইউজিসির ওয়েবসাইটে প্রচারের জন্য আপলোড করা হবে।

বিকাশ থাকতে ক্যাশ ক্যান

নীতিমালার ১১ নম্বর ধারায় গবেষণা সম্মানীর ক্ষেত্রে বলা হয়েছে, এই নীতিমালার আওতায় কোনো গবেষণা কার্যক্রমে নিয়োজিত মুখ্য গবেষক ও সহকারী গবেষকরা গবেষণা পরিচালনার জন্য বাৎসরিক যথাক্রমে ৭০ থেকে ও ৪৫ হাজার টাকা সম্মানী পাবেন। গবেষণা প্রকল্প প্রস্তাবের মূল ব্যয় বিভাজনে গবেষকদের সম্মানী অন্তর্ভুক্ত করতে হবে।

কোনো গবেষণা প্রকল্পের ক্ষেত্রে পিএইচডি, এমফিল ও মাস্টার্স পর্যায়ে অধ্যয়নরত ছাত্রদের গবেষণা সহকারী হিসেবে আর্থিক সহায়তা করা যাবে। এ ক্ষেত্রে মাস্টার্স ও এমপিএইচ- এমফিল এবং পিএইচডি-এফসিপিএস-এমডি পর্যায়ে গবেষকরা এবং গবেষণা সহকারীর সম্মানীর পরিমাণ হবে যথাক্রমে ১০ থেকে ১৫, ২৫ ও ১৫ হাজার টাকা। মাস্টার রোল শ্রমিক বাবদ প্রতিদিন ৫০ টাকা হারে (মাসে সর্বোচ্চ ১০ হাজার টাকা) দেয়া যাবে। স্টিয়ারিং কমিটি, বাছাই ও মনিটরিং কমিটি, সম্পাদকীয়

কমিটির সদস্যদের সভায় উপস্থিতির সম্মানী ও রিভিউয়ারদের গবেষণা প্রস্তাব সম্মানী স্টিয়ারিং কমিটির অনুমোদনের ভিত্তিতে অর্থ বিভাগ থেকে বিভাজন অনুমোদন সাপেক্ষে পাবেন।

নীতিমালা দেখতে ক্লিক করুন

শিক্ষার সব খবর সবার আগে জানতে দৈনিক শিক্ষার ইউটিউব চ্যানেলের সাথেই থাকুন। ভিডিওগুলো মিস করতে না চাইলে এখনই দৈনিক শিক্ষাডটকমের ইউটিউব চ্যানেল সাবসক্রাইব করুন এবং বেল বাটন ক্লিক করুন। বেল বাটন ক্লিক করার ফলে আপনার স্মার্ট ফোন বা কম্পিউটারে সয়ংক্রিয়ভাবে ভিডিওগুলোর নোটিফিকেশন পৌঁছে যাবে।